ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০১৫
আগরতলা, ৩০ জুলাই, ২০২৫

**স্বল্প সঞ্চয় প্রকল্পে পশ্চিম ত্রিপুরা জেলায় চলতি অর্থবছরে ৭২০ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা**

পশ্চিম ত্রিপুরা জেলার তিনটি মহকুমায় চলতি অর্থবছরে স্বল্প সঞ্চয় প্রকল্পে ৭২০ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এখন পর্যন্ত ১৮৬.৫ কোটি টাকা সংগৃহীত হয়েছে। এই সংগৃহীত অর্থের মধ্যে সদর মহকুমা থেকে ১৬৪.১৬ কোটি, জিরানীয়া মহকুমা থেকে ১২.১০ কোটি এবং মোহনপুর মহকুমা থেকে ১০.২৪ কোটি টাকা সংগ্রহ করা হয়েছে। এই অর্থ সংগ্রহের কাজে জেলার ১০৫৫ জন এমপিকেবিওয়াই এজেন্ট এবং ৬৫৭ জন এসএএস এজেন্ট কাজ করছেন। পশ্চিম জেলা স্বল্প সঞ্চয় কার্যালয়ের আধিকারিক এই সংবাদ জানিয়েছেন।

******